গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ

# মিঠামইন উপজেলা আইন-শৃংখলা কমিটির জুলাই/২০১৩ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ সাদেকুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১/০৭/২০১৩ খ্রিঃ, সময় ঃ সকাল ০৯:৩০ টা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, মিঠামইন, কিশোরগঞ্জ। |

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। এরপর তিনি মিঠামইন উপজেলার বর্তমান সময়ের আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে উপস্থিত সদস্যগণকে বক্তব্য/মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। বাল্যবিবাহ ও নারী নির্যাতনের কোন অভিযোগ নাই। পাশাপাশি আইন–শৃঙ্খলা বিষয়কও কোন সমস্যা নাই।

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোন সমস্যা নাই।

চেয়ারম্যান, ঢাকী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। নাশকতারোধে মসজিদসমূহে মডেল বক্তৃতার আলোকে বক্তব্য দানের বিষয়টি নিশ্চিত করার জন্য তিনি ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ জানান।

চেয়ারম্যান, কেওয়ারজোড় ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সমস্যা নেই।

চেয়ারম্যান, কাটখাল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সমস্যা নেই।

সম্মানিত সদস্য জনাব সমীর কুমার বৈষ্ণব বলেন যে, মিঠামইন উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি খুবই ভাল। চুরি, ডাকাতির কোন সমস্যা নেই। তবে তিনি গরু চুরি ও নৌডাকাতি রোধে আইন–শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, মিঠামইন ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। চলতি বর্ষা মৌসুমে কৃষকদের গরু চুরি আর্থিকভাবে যথেষ্ট ক্ষতির কারণ। তাই তিনি বর্ষা মৌসুমের গরু চুরি, নৌডাকাতিরোধে পুলিশ বাহিনীসহ সংশ্লিষ্টদের সহায়তা কামনা করেন।

সহকারী কমিশনার (ভূমি), মিঠামইন বলেন যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। আইন–শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান এ ধারা অব্যাহত রাখার জন্য সকলকেই সচেতন হওয়ার পরামর্শ দেন।

চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ এবং উপজেলা আইন শৃংখলা কমিটির সম্মানিত উপদেষ্টা সভায় জানান যে, এ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি বরাবরই ভাল। বর্তমানেও ভাল। তবে তিনি এ ধারা অব্যাহত রাখার জন্য সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন।

অফিসার ইন–চার্জ, মিঠামইন থানা বলেন যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি আসলেই ভাল। তিনি আরো বলেন যে, আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে পুলিশ বিভাগ সর্বদাই সতর্ক রয়েছে। তিনি আরো বলেন যে, পুলিশ জনগণের সহযোগিতা নিয়েই আইন-শৃংখলা রক্ষার দায়িত্ব পালন করে। তাই তিনি সর্বদা আইন-শৃংখলা স্বাভাবিক রাখার লক্ষ্যে জনগণ ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। মসজিদে জুম'আর নামাজের খুতবার পূর্বে জঙ্গীবাদ বিরোধী মডেল বক্তৃতার অনুসরণে বক্তব্য প্রদান করা হয় কিনা সে বিষয়ে নজরদারী বাড়ানোর জন্য তিনি ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজারসহ সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশে জাতীয় জাতীয় সঙ্গীত পরিবেশনার পূর্বে জঙ্গীবাদ বিরোধী বক্তব্য দানের নিশ্চিত করার জন্য তিনি উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। জুয়া খেলা রোধে এবং মদ, গাঁজা সেবন/বিক্রয়রোধে গোপন তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ জানান। ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য তিনি নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা করে কার্যবিবরণীর কপি প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। গুজব ছড়িয়ে কিংবা উস্কানিমূলক বক্তব্য প্রদান করে কেউ যাতে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে নাা পারে সে জন্য তিনি সকলকে সচেতন থাকার অনুরোধ করেন।

পরবর্তী পৃষ্ঠা-২

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ**

**সিদ্ধান্ত-১** ঃ মিঠামইন উপজেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখাসহ আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নির্বাচিত জনপ্রতিনিধিগণকে নিজ নিজ এলাকায় অবস্থান করার জন্য সভায় অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে ঃ ১।** চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
**২।** চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২** ঃ সন্ত্রাসী ও জঙ্গী গোষ্ঠীর চোরাগোপ্ত হামলা প্রতিরোধে প্রয়োজনীয় সতকর্তামূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে। গুজব ছড়িয়ে কিংবা উস্কানিমূলক বক্তব্য দিয়ে যাতে কেউ সংঘাত ও সন্ত্রাসী কর্মকান্ড ঘটাতে না পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।
**২।** চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৩** ঃ শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক, ইভটিজিং/যৌন নিপীড়ন বিরোধী প্রচারণারসহ ক্লাশ চলাকালীন সময়ে মোবাইল ফোন ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।
২। উপজেলা শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৪** ঃ প্রতিটি মসজিদে জুম্‌আ'র নামাজের পূর্বে জঙ্গিবাদ বিরোধী মডেল বক্তৃতার আলোকে জঙ্গীবাদ বিরোধী বক্তব্য দেয়ার বিষয়টি নিশ্চিত করাসহ ইমামদের নিয়ে নিয়মিতভাবে মাসিক সভা করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।
২। সুপাভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত–৫** ঃ মদ/গাঁজা বা অন্য কোন নেশা সামগ্রী বিক্রয়কারী/সেবনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এগুলোর বিরুদ্ধে জনসচেতনতা বা সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৬** ঃ নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃংখলা কমিটির মাসিক সভা করে তার কার্যবিবরণী প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৭** ঃ এ উপজেলায় যাতে গণপিটুনির কোন ঘটনা না ঘটে সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া স্থানীয়ভাবে সালিশের মাধ্যমে কাউকে প্রচলিত আইন বিরোধী অমানবিক/আপত্তিকর/লজ্জাজনক শাস্তি না দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৮** ঃ শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশে জাতীয় সঙ্গীত পরিবেশনার পূর্বে জঙ্গীবাদ বিরোধী বক্তব্য দানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। উপজেলা শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৯** ঃ এ উপজেলার সর্বত্র আইন-শৃংখলা সুষ্ঠু ও স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-

(মোহাম্মদ সাদেকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
মিঠামইন, কিশোরগঞ্জ।
ফোন ঃ ০৯৪৩৫-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স ঃ ০৯৪৩৫-৫৬০৩৫
E-mail : unomithamoin@mopa.gov.bd

পরবর্তী পৃষ্ঠা-৩

স্মারক নং-উঃনিঃঅঃ/মিঠা/আইন-শৃংখলা সভা/২০১৩-৫৫৪(৪০) তারিখ ঃ ৩১/০৭/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল ঃ

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ।
৪। চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
৫।...........................................................................................................................।
৬। জনাব...................................................................সদস্য, উপজেলা আইন শৃংখলা কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ।
৭।...........................................................................................................................।
৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ

**<u>পরিশিষ্ট- 'ক'</u>**

সভায় উপস্থিত উপদেষ্টা/সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী/পরিচয় | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান | সহঃ কমিশনার(ভূমি), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ২ | জনাব সমীর কুমার বৈষ্ণব | সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৩ | জনাব মোঃ আফতাব উদ্দিন | চেয়ারম্যান, কেওয়ারজোর ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৪ | জনাব মোঃ বিল্লাল হোসেন মজুমদার | উপজেলা সমাজসেবা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৫ | জনাব মোঃ শরীফ কামাল এডভোকেট | চেয়ারম্যান, মিঠামইন ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৬ | জনাব মোহাম্মদ রমজান আলী | উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ), মিঠামইন, কিশোরগঞ্জ | |
| ৭ | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৮ | ডাঃ আল মামুদ লেমন | পক্ষে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৯ | জনাব এ, কে,এম, গিয়াসউদ্দিন | অধ্যক্ষ, মহিষারকান্দি নিজামিয়া মাতলুবুল আলিম মাদরাসা, মিঠামইন | অস্পষ্ট |
| ১০ | জনাব দীপক চন্দ্র মজুমদার | অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১১ | হাজী আহম্মদ আলী চৌধুরী | সভাপতি, মিঠামইন বাজার বণিক সমিতি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১২ | জনাব মোঃ শাহজাহান মিয়া | সহঃ প্রধান শিক্ষক, তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয় | |
| ১৩ | জনাব মোঃ আহসানুল জাহীদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | |
| ১৪ | জনাব মোঃ ফাইজুল কবীর | কমান্ডার (ভাঃ), উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, মিঠামইন, | অস্পষ্ট |
| ১৫ | জনাব মাহবুবা রহমান | মহিলা- ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৫ | জনাব মোঃ মজিবুর রহমান | চেয়ারম্যান, ঢাকী ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৭ | জনাব সাহাবউদ্দিন আহাম্মদ | চেয়ারম্যান, বৈরাটি ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৮ | জনাব রইছউদ্দিন আহাম্মদ | চেয়ারম্যান, কাটখাল ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |

**পরিশিষ্ট- 'খ'**

সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আঃ হক | অধ্যক্ষ, মিঠামইন ডিগ্রী কলেজ |
| ২ | -------------------- | প্রধান শিক্ষিকা, তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৩ | | |
| ৩ | বেগম মোছাঃ রোমানা আক্তার | সদস্য, ঢাকী, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৪ | জনাব মোঃ নাজিমউদ্দিন | সদস্য, উপজেলা আইন–শৃঙ্খলা কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৫ | বেগম সুলতানা রাজিয়া | সদস্য, উপজেলা আইন–শৃঙ্খলা কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৬ | জনাব শফিকুল ইসলাম(ইসলু) | সদস্য, উপজেলা আইন–শৃঙ্খলা কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৭ | জনাব বোরহান উদ্দিন চৌধুরী | চেয়ারম্যান, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৮ | জনাব সুভাষ চন্দ্র বৈষ্ণব | প্রধান শিক্ষক, হাজী তায়েব উদ্দিন উচ্চ বিদ্যালয় |
| ৯ | জনাব মোঃ জমিরউদ্দিন | প্যানেল চেয়ারম্যান-১, গোপদিঘী ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১০ | জনাব মোঃ কুতুব উদ্দিন চৌধুরী | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভাঃ), মিঠামইন, |
| ১১ | জনাব মোঃ আইয়ূব আলী | ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ হাবীবুর রহমান মাছুম | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মিঠামইন, কিশোরগঞ্জ |

সমাপ্ত